

ঢাবিতে ছাত্রদলকে ছাত্রলীগের ধাওয়া ডাকসুর ঢাবিতে আলোচনায় যায়নি ছাত্রলীগ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের দাবিতে উন্মুক্ত আলোচনা সভায় অংশ নিতে আসা ছাত্রদল নেতাকর্মীদের ধাওয়া দিয়ে ক্যাম্পাস থেকে বের করে দিয়েছে ছাত্রলীগ। ডাকসুর দাবিতে সাধারণ শিক্ষার্থীদের এই আলোচনায় স্বাধীনতাবিরোধী ছাত্রসংগঠন ব্যতীত সকলকে আমন্ত্রণ জানানো হয়।

গত দুই সপ্তাহ ধরে সাধারণ শিক্ষার্থীরা ডাকসুর দাবিতে আন্দোলন করে আসছেন। এরই অংশ হিসেবে ডাকসুর পক্ষে সমর্থন আদায়ে গতকাল ডাকসু ভবনের সামনে তারা উন্মুক্ত আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। এতে ছাত্র ইউনিয়ন, ছাত্র ফ্রন্ট, ছাত্র ফেডারেশনের প্রতিনিধি ও কয়েকজন সাধারণ ছাত্র-ছাত্রী তাদের মতামত দেন। আমন্ত্রণ জানানো হলেও ঢাবির উপাচার্য অধ্যাপক ড. আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক এবং ছাত্রলীগ নেতা-কর্মীরা আলোচনায় যোগ দেননি। ছাত্রদল নেতা-কর্মীরা এলেও তাদের ধাওয়া দিয়ে বের করে দেয় ছাত্রলীগ।

ছাত্রদলের মুহসীন হল শাখার যুগ্ম আহ্বায়ক ওমর ফরুককে মারধর করে ছাত্রলীগের নেতা-কর্মীরা।

আলোচনায় অংশ না নেওয়ার বিষয়ে ছাত্রলীগের ঢাবি শাখা সভাপতি আবিদ আল হাসান বলেন, তারা আমন্ত্রণ পাননি। ছাত্রদলকে ধাওয়ার বিষয়ে তিনি বলেন, তারা ক্যাম্পাসে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে চেয়েছিল। অতীতেও তারা পেট্রোলবোমা মেরে সন্ত্রাসী কর্মকাণ্ড করেছে। যারা ক্যাম্পাসে এসেছিল, তারা সবাই বহিরাগত।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক এম আমজাদ আলী বলেন, দীর্ঘদিন ছাত্রলীগের সঙ্গে ছাত্রদলের একটা সমস্যা রয়ে গেছে। যারা আলোচনার আয়োজন করেছে তারা যদি ছাত্রলীগের সঙ্গে কথা বলে নিত তাহলে এমনটি হতো না। এদিকে, আন্দোলনের সমন্বয়ক গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ছাত্র মাসুদ আল মাহদী বলেন, আমরা ছাত্রদলের তিনজন প্রতিনিধি আসতে বলেছিলাম। কিন্তু তারা (ছাত্রদল) ক্যাম্পাসে শোভাউন করতে এসেছিল। এই রাজনীতিকে আমরা ঘৃণা করি। আর যেহেতু সাধারণ শিক্ষার্থীদের আমন্ত্রণে তারা এসেছেন, ছাত্রলীগকে তাদের ধাওয়া করা উচিত হয়নি। এসময় তিনি বলেন, উপাচার্য, ছাত্রলীগ, ছাত্রদল মুখে ডাকসু নির্বাচনের দাবি করলেও আসলে তারা নির্বাচন চায় না।